

শিক্ষক আন্দোলন

শিক্ষামন্ত্রীর কাছে লিখিত দাবি

নিজস্ব প্রতিবেদক •

অষ্টম জাতীয় বেতন স্কেলে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের টাইম স্কেল ও সিলেকশন গ্রেড বহাল রাখতে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের কাছে দাবি জানিয়েছে বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি।

ইনছান আলী প্রথম আলোকে বলেন, অষ্টম জাতীয় বেতন স্কেলে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড বাদ দেওয়ায় সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকেরা আর্থিক ও পদমর্যাদার ক্ষেত্রে বঞ্চিত হবেন। এ জন্য তাঁরা টাইম স্কেল ও সিলেকশন গ্রেড বহালের দাবি জানিয়েছেন।

গতকাল মঙ্গলবার দুপুরে সমিতির সভাপতি ইনছান আলী ও সাধারণ সম্পাদক জালাল উদ্দিন সরকার সচিবালয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করে লিখিতভাবে এই দাবি জানান।

এর আগে সংগঠনটি এই দাবিতে কর্মবিরতির কর্মসূচি ঘোষণা করলেও পরে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ফাহিমা খাতুনের আশ্বাসে কর্মসূচি প্রত্যাহার করে।